

৬০ নং হস্তে ৭৭

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

দায়ী কে ?

ইত্তেফাক-রিপোর্ট। কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তনের সিদ্ধান্তটি কোথা থেকে এবং কেমন করে এলো তা নিয়ে নানা প্রশ্ন উঠেছে। মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয় বলে (২য় পৃষ্ঠায় ৩-এর কঃ ব্রঃ)

দায়ী কে?

(প্রথম পৃষ্ঠার পর)

তথ্য বিবরণীতে ঐ দিনই বলা হয়। আবার মঙ্গলবার ময়মনসিংহের সহিংস ঘটনার পরে বলা হয়, কোন সিদ্ধান্ত নেয়া হয়নি। কেমন করে তথ্য বিবরণীতে মন্ত্রিসভার ঐ সিদ্ধান্তটি দেয়া হলো এবং এ নিয়ে কোন তদন্তের কথা জানানো না তথ্য সচিব সৈয়দ মার্গুব মোর্শেদ।

গত সোমবারের মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের নামকরণ প্রস্তাব নীতিগতভাবে অনুমোদন করা হয় বলে সরকারী তথ্য বিবরণীতে উল্লেখ করা হয়েছিল। সংবাদপত্রসহ সংবাদ মাধ্যমে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকের কিছু সিদ্ধান্ত ঐ তথ্য বিবরণীর মাধ্যমে জানান হয়। ঐ তথ্য বিবরণীর (নং ২৯৯) ভিত্তিতেই সংবাদপত্র ও সংবাদ মাধ্যমগুলো মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উল্লিখিত সিদ্ধান্তের কথা ছাপা হয়। গত সোমবার রাতে টেলিভিশন ও সংবাদসংস্থার খবর এবং মঙ্গলবার সংবাদপত্রগুলোতে ছাপা হওয়া ঐ খবরের পরিপ্রেক্ষিতেই কৃষি বিশ্ববিদ্যালয় রণক্ষেত্রে পরিণত হয়। পরে গত মঙ্গলবারই বার্তা সংস্থার খবরে বলা হয়, মন্ত্রিসভায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তনের কোন সিদ্ধান্ত হয়নি। তাহলে প্রশ্ন উঠেছে সরকারী তথ্য বিবরণী কেমন করে সংবাদ মাধ্যমে পাঠান হলো? - তথ্য বিবরণীটি নিম্নরূপঃ



তথ্য অধিদফতর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

PRESS INFORMATION DEPARTMENT • GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নং ২৯৯

মন্ত্রিসভার নিয়মিত বৈঠক অনুষ্ঠিত

ঢাকা, ১ মার্চ (১৪ জানুয়ারি) :

মন্ত্রিসভার নিয়মিত বৈঠক আজ প্রধানমন্ত্রীর কার্যালয়ের মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত হয়।

প্রধানমন্ত্রী খালেদা জিয়া বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় নামকরণের প্রস্তাব নীতিগতভাবে অনুমোদন করা হয়।